

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
পঞ্চায়েত শাখা, জেশপ্ বিল্ডিং  
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১

নং : ৪৪২৮/পি.এন/ও/১/১টি-৩/০৫ (পার্ট-১)।

তাং : ১৪/১০/০৯

আদেশনামা

যেহেতু কর মকুব করার বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন গ্রাম পঞ্চায়েত বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে ;  
এবং যেহেতু বিষয়টি বেশ কিছু দিন যাবৎ এই বিভাগের বিবেচনাধীন আছে ।

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩ এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ২১২ ধারা বলে রাজ্যপাল সন্তোষ সহকারে নির্দেশ জারি করছেন যে গ্রাম পঞ্চায়েত যদি গ্রাম সংসদ সভা থেকে বকেয়া কর মকুব করার জন্য নির্দিষ্ট কোন প্রস্তাব পায়, তাহলে ঐ প্রস্তাব গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় আলোচনা করে সংখ্যাধিক্য সদস্যের সমর্থনের ভিত্তিতে জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের নিকট পাঠাবে । প্রস্তাবিত বকেয়া কর মকুব করার জন্য প্রার্থীদের নামের তালিকা, বকেয়া করের পরিমাণ এবং কর মকুব করার কারণ সম্পর্কিত তথ্য সহ গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় গৃহিত প্রস্তাবটি গ্রাম পঞ্চায়েত জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের নিকট পাঠালে, জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক প্রস্তাবটি খতিয়ে দেখে যদি বিবেচনার উপযুক্ত মনে করেন তাহলে ঐ প্রস্তাব কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন এর নিকট পাঠাবেন । কমিশনার প্রস্তাবটি খতিয়ে দেখে তাঁর মতামত সহ এই বিভাগে সম্মতির জন্য পাঠাবেন । চূড়ান্ত সিদ্ধান্ত এই বিভাগ থেকে নেওয়া হবে ।

এই আদেশনামা অবিলম্বে কার্যকরী হবে ।

রাজ্যপালের আদেশানুসারে,  
স্বাঃ- মানবেন্দ্র নাথ রায়  
প্রধান সচিব  
পশ্চিমবঙ্গ সরকার

নং : ৪৪২৮/১(৪৫০)/পি.এন/ও/১/১টি-৩/০৫ (পার্ট-১)।

তাং : ১৪/১০/০৯

জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :-

- ১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
- ২) জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, ....., জেলা পরিষদ, জেলা .....
- ৩) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ....., জেলা .....
- ৪) ব্লক উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক, ..... পঞ্চায়েত সমিতি ।

সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধানের গোচরে বিষয়টি আনার জন্য তাঁকে অনুরোধ জানানো হচ্ছে ।

যুগ্ম সচিব  
পশ্চিমবঙ্গ সরকার